



স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/গভ:/২০২০/১২৩১২

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

বিষয়: ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসাসমূহের বিদ্যমান গভর্নিং বডি/এডহক কমিটি বাতিলকরণ, এডহক কমিটির সভাপতি ও বিদ্যোৎসাহী মনোনয়ন প্রদান এবং পূর্ণাঙ্গ এডহক কমিটি গঠন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশের বিদ্যমান পরিস্থিতিতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসাসমূহের গভর্নিং বডি/এডহক কমিটি বাতিল করা হলো।

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল ও কামিল মাদরাসাসমূহের এডহক কমিটি গঠনের লক্ষ্যে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় তৃতীয় সংবিধি-২০২৩ (খ) এর ধারা ৫ মোতাবেক এডহক কমিটির সভাপতি হিসেবে জেলা সদরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা সদরের বাইরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক এবং বিদ্যোৎসাহী সদস্য হিসেবে জেলা সদরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে জেলা শিক্ষা অফিসার ও জেলা সদরের বাইরে অবস্থিত মাদরাসার ক্ষেত্রে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার-কে মনোনয়ন প্রদান করা হলো। মাদরাসাসমূহকে দ্রুততম সময়ের মধ্যে বিধি অনুযায়ী নির্ধারিত ফরমে পূর্ণাঙ্গ এডহক কমিটি অনুমোদনের প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, ট্রাস্ট কর্তৃক পরিচালিত মাদরাসাসমূহের ক্ষেত্রে বিদ্যমান গভর্নিং বডি/এডহক কমিটি বহাল থাকবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

ভাইস চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে


(ড. মোহাম্মদ কামরুল ইসলাম)
রেজিস্ট্রার
মোবাইল: ০১৭০৫-৪০৮০০১
ই-মেইল: iauregistr@gmail.com

বিতরণ:


১. অধ্যক্ষ/অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), সকল ফাজিল ও কামিল মাদরাসা।
২. সভাপতি, গভর্নিং বডি/এডহক কমিটি, সকল ফাজিল ও কামিল মাদরাসা।

স্মারক নং- ইআবি:/রেজি:/প্রশা:/গভ:/২০২০/১২৩১২(১২)

তারিখ: ০৮ আশ্বিন ১৪৩১ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. ট্রেজারার মহোদয়, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা;
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৪. দপ্তর প্রধান (সকল), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৫. জেলা প্রশাসক (সকল), (একজন অতিরিক্ত জেলা প্রশাসক-কে সভাপতি হিসেবে দায়িত্ব প্রদানের অনুরোধসহ);
৬. জেলা শিক্ষা অফিসার/উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
৭. জনসংযোগ, তথ্য ও পরামর্শ দপ্তর, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা;
৮. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি, ঢাকা (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯. প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব, ইআবি, ঢাকা (প্রো-ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য);
১০. আই.সি.টি শাখা, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
১১. অফিস নথি;
১২. মহানথি।


(মোঃ আনিসুল কিবরিয়া)
সেকশন অফিসার